রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড
বাড়ি # ১৯, সড়ক # ১/বি, সেক্টর # ৯
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০।

স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০১.০১.০০২.২৩.১০৩ তারিখ: ২৫ জুন, ২০২৩ খ্রিঃ।

**বিষয়ঃ ২০২২-২০২৩ অর্থবছরের " ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন" সংক্রান্ত জুন ২০২৩ মাসের সভার কার্যবিবরণী।**

স্মারক নং- ২৭.২৬.০০০০.০০৫.০২.০০৬.১৮.২৮৯ তারিখ: ২২ জুন ২০২৩ খ্রিঃ এর মাধ্যমে জারিকৃত নোটিশ এর ভিত্তিতে ২৫ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ সকাল ১০:০০ ঘটিকায় কোম্পানীর সদর দপ্তরের বোর্ড রুমে রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল) এর ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহের আওতাধীন ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির জুন ২০২৩ মাসের সভা অনুষ্ঠিত হয়। কমিটির সভাপতি ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), আরপিসিএল উক্ত সভায় সভাপতিত্ব করেন। কমিটি'র নিম্ন-বর্ণিত সদস্যবৃন্দ সভায় অংশগ্রহন করেন।

১। মোহাম্মদ ফজলুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি) - আহবায়ক
২। সুব্রত দেবনাথ, উপ-বিভাগীয় প্রকৌশলী (ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর)- সদস্য
৩। মোঃ আব্দুল বাতেন, উপব্যবস্থাপক (আইসিটি) - সদস্য সচিব
৪। এ, কে,এম ফজলুল হক, সহকারী ব্যবস্থাপক (হিসাব ও অর্থ) - সদস্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিদ্যুৎ বিভাগ ও আরপিসিএল এর মধ্যে সম্পাদিত ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৫ এ বর্ণিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কর্মপরিকল্পনার ০৬ (ছয়) টি কার্যক্রমের বিপরীতে ১২ (বারো) টি কর্মসম্পাদন সূচক বাস্তবায়ন অগ্রগতির উপর বিস্তারিত আলোচনা করা হয় ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়ন অগ্রগতি আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | [১.১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত | ০৪/০৫/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ন্যুনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ছিল। সে লক্ষ্যে ৬টি সেবা বাস্তবায়ন করা হয়েছে। এছাড়াও আওতাধীন অফিসসমুহে ৩ টি সেবা চালু করা হয়েছে। অফিস আদেশ জারি করা হয়েছে। |
| ২ | [১.২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত | ১৩/১০/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে ডাটাবেজ প্রস্তুত এর লক্ষ্যমাত্রা ছিল। ১২/১০/২০২২ খ্রিঃ তারিখে ডাটাবেজ প্রস্তুত করতঃ ১৩/১০/২০২২খ্রিঃ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। স্ক্রিনশট সংরক্ষণ করা হয়েছে। |
| ৩ | [১.২.২] ইতঃপূর্বে বাস্তবায়িত ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত | ০৪/০৫/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৩/৫/২০২৩ খ্রিঃ তারিখে বাস্তবায়ন করা হয়েছে। |
| ৪ | [১.৩.১] ই-ফাইলে নোট নিস্পত্তিকৃত | ই-ফাইলে নোট নিষ্পন্নের লক্ষ্যমাত্রা ছিল ৮৫%। আরপিসিএল এর অর্জন ৯৯.৮১% |
| ৫ | [১.৪.১] ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা প্রণীত | ৩০/১০/২০২২খ্রিঃ তারিখে আরপিসিএল এর কর্মপরিকল্পনা প্রণয়ন করতঃ ওয়েবসাইটে আপলোড এবং বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হয়েছে। |
| ৬ | [১.৫.১] ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজিত | ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় ২টি কর্মশালা আয়োজনের লক্ষ্যমাত্রা ছিল। সে অনুযায়ী ২২/০৯/২২, ১৭/১১/২২,২৫/০২/২৩ খ্রিঃ তারিখে ৩টি কর্মশালা আয়োজন করা হয়েছে। |
| ৭ | [২.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে) | ইতঃপূর্বে ২৯/০৯/২২,৩১/১২/২২, ৩০/০৩/২৩ খ্রিঃ তারিখে তথ্য বাতায়ন হালনাগাদকরণ সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে এবং আগামী ২৬/০৬/২০২৩ খ্রিঃ তারিখে হালনাগাদকরণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করা হবে। |

| ক্রম | কর্মসম্পাদন সূচক | বাস্তবায়ন অগ্রগতি আলোচনা ও সিদ্ধান্ত |
|---|---|---|
| ৮ | [২.২.১] ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | ১৯/০৯/২২, ২৪/১০/২২,২৭/০৩/২৩ ও ১৩/০৬/২৩ খ্রিঃ তারিখে লক্ষ্যমাত্রা অনুযায়ী ৪টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। |
| ৯ | [২.২.২] ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | মোট বরাদ্দ ১০ লাখ টাকা। ইতোমধ্যে ব্যয়িত ৮,৬২,৩২৫/=টাকা। বাজেটে বরাদ্দকৃত অর্থের ৮০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রার বিপরীতে আরপিসিএল এর অর্জন ৮৬% |
| ১০ | [২.২.৩] কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণের লক্ষ্যমাত্রা ছিল ১৫/০১/২০৩ খ্রিঃ তারিখের মধ্যে। আরপিসিএল হতে ০৫/০১/২০২৩ খ্রিঃ তারিখে প্রেরণ করা হয়। |
| ১১ | [২.২.৪] আওতাধীন দপ্তর/ সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | আওতাধীন দপ্তরের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণের লক্ষ্যমাত্রা ছিল ৩১/০১/২০৩ খ্রিঃ তারিখের মধ্যে। আরপিসিএল হতে ২৯/০১/২০২৩ খ্রিঃ তারিখে প্রেরণ করা হয়। |
| ১২ | [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনকৃত | ৩১/০৫/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের লক্ষ্যমাত্রা ছিল। সে লক্ষ্যে আরপিসিএল হতে ১০/০৫/২০২৩ খ্রিঃ তারিখে আশুগঞ্জ পাওয়ার ষ্টেশন কোম্পানীর একটি উদ্যোগ পরিদর্শন করা হয়। পরিদর্শন প্রতিবেদন দাখিল করা হয়েছে। |

সভায় আর কোন আলোচনা না থাকায়, সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

A.F. Rahman
25/04/2023

(মোহাম্মদ ফজলুর রহমান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ও
আহবায়ক, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা
বাস্তবায়ন কমিটি

**বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১) ব্যবস্থাপনা পরিচালক, আরপিসিএল, ঢাকা।
২) নির্বাহী পরিচালক (প্রকৌশল), আরপিসিএল ও এপিএ টিম লিডার।
৩) নির্বাহী পরিচালক (অর্থ ও হিসাব), আরপিসিএল ও এপিএ কমিটির সদস্য।
৪) মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) অঃ দাঃ এবং এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আরপিসিএল।
৫) মোহাম্মাদ আশিকুর রহমান, ব্যবস্থাপক (প্রশিক্ষণ সেল), আরপিসিএল।
৬) জনাব সুব্রত দেবনাথ, উপ-বিভাগীয় প্রকৌশলী (ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর), আরপিসিএল এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য।
৭) মোঃ আব্দুল বাতেন, উপব্যবস্থাপক (আইসিটি), আরপিসিএল এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য সচিব।
৮) জনাব শারমিন সুলতানা, সহকারী প্রকৌশলী (পিএন্ডডি), আরপিসিএল এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য।
৯) জনাব এ, কে,এম ফজলুল হক, সহকারী ব্যবস্থাপক (হিসাব ও অর্থ), আরপিসিএল এবং ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সদস্য।
১০) অফিস কপি।

**রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড**
**বাড়ী নং-১৯, রোড নং-১/বি**
**সেক্টর-০৯, উত্তরা, ঢাকা।**

২০২২-২০২৩ অর্থবছরের **"ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি"** এর জুন ২০২৩ মাসের সভার উপস্থিতিঃ

সভার তারিখঃ ২৫.০৬.২০২৩ খ্রিঃ
সময়ঃ বিকাল ১০:০০ ঘটিকা
সভার স্থানঃ বোর্ড রুম

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবি | কমিটিতে পদ | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মোহাম্মদ ফজলুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি) | আহবায়ক | M.F. Rahman 25/06/2023 |
| ২ | সুব্রত দেবনাথ, উপ-বিভাগীয় প্রকৌশলী (ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর) | সদস্য | |
| ৩ | মোঃ আব্দুল বাতেন, উপব্যবস্থাপক (আইসিটি) | সদস্য সচিব | |
| ৪ | শারমিন সুলতানা, সহকারী প্রকৌশলী (পিএন্ডডি) | সদস্য | মাতৃত্বকালীন ছুটিতে রয়েছেন |
| ৫ | এ, কে,এম ফজলুল হক, সহকারী ব্যবস্থাপক (হিসাব ও অর্থ) | সদস্য | |

স্মারক নম্বর: ২৭.২৬.০০০০.০০৫.০২.০০৬.১৮.২৮৯ তারিখঃ ২২/০৬/২০২৩ খ্রিঃ

বিষয়ঃ আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির জুন ২০২৩ মাসের সভার নোটিশ

আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির জুন ২০২৩ মাসের সভা আগামী ২৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় আরপিসিএল সদর দপ্তরের বোর্ড রুমে অনুষ্ঠিত হবে। কমিটির সকল সদস্যকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

মোহাম্মদ ফজলুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

অনুলিপিঃ

১। আরপিসিএল এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির সকল সদস্য।

২। অফিস কপি।